অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/31/2025 **গভর্নর ক্যাথি হোকল**

সেক্রেটারি অব হোমল্যান্ড সিকিউরিটি বরাবর গভর্নর হোকলের চিঠি: নিউ ইয়র্ক সিটির মেট্রো এলাকাকে নিরাপদ রাখতে FEMA ইন্টেলিজেন্স ফান্ড দিন

নিউ ইয়র্ক সিটি উচ্চ পর্যায়ের টার্গেট হয়েই আছে, যার প্রমাণ মিডটাউনের গুলির ঘটনা, ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি অতি প্রয়োজনীয় তহবিল দিতে ব্যর্থ হয়েছে

অতি গুরুত্বপূর্ণ রিসোর্স ইন্টেলিজেন্স অ্যানালাইসিসের ক্ষমতা বাড়ায়, নতুন হুমকি সনাক্ত হলে কাজের ক্ষমতা বাড়ায় এবং ইন্টেলিজেন্স সংগ্রহ করা উন্নত করে

চিঠির কপি পাওয়া যাবে এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটির (Department of Homeland Security) সেক্রেটারি Kristi Noem-এর (ক্রিস্টি নোয়েম) কাছে একটি চিঠি পাঠিয়েছেন যেখানে মিডটাউন ম্যানহাটনে (Midtown Manhattan) সোমবার সন্ধ্যার গণ গুলির ঘটনার পর Homeland Security Grant প্রোগ্রামের (HSGP) মাধ্যমে Urban Area Security উদ্যোগের (UASI) তহবিল দেওয়ার দাবি করা হয়েছে।

নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের (New York City Police Department, NYPD) মধ্যে ইন্টেলিজেন্স অ্যানালাইসিস করার ক্ষমতা গঠন করার জন্য UASI তহবিল অতি গুরুত্বপূর্ণ, যা নতুন হুমকি সনাক্ত করা হলে কাজের ক্ষমতা বাড়িয়ে দিবে, এবং বড় জাতীয় বিশেষ নিরাপত্তা (National Special Security) ঘটনার সময় ফেডারেল আইন শৃঙ্খলা রক্ষাকারী পার্টনারদেরকে ইন্টেলিজেন্স সংগ্রহ করা ও অ্যানালাইসিস করার ক্ষমতা দেওয়া NYPD-এর জন্য সম্ভব করবে। এছাড়া UASI ওয়েস্টচেস্টার (Westchester), নাসাউ (Nassau) এবং সাফোক (Suffolk) কাউন্টিগুলিতে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের এবং জননিরাপত্তা এজেন্সিগুলির করা অনেক ধরণের নিরাপত্তা উদ্যোগকে সমর্থন করে।

এই তহবিল বাতিল করা, যা 2024 সালে নিউ ইয়র্কের (New York) জন্য মোট 156.1 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ছিলো, নিউ ইয়র্কবাসীদেরকে এমন একটি সময় কম নিরাপদ করবে যখন নিউ ইয়র্ক সিটি (New York City) টার্গেটেড ভায়োলেন্সের ঘটনার জন্য উচ্চ পর্যায়ের একটি টার্গেট হয়ে আছে। নিউ ইয়র্ক সিটি, পোর্ট অথোরিটি অফ নিউ ইয়র্ক অ্যান্ড নিউ জার্সি (Port Authority of New York and New Jersey), ইয়োঙ্কার্স সিটি (City of Yonkers), এবং নাসাউ, সাফোক এবং ওয়েস্টচেস্টার কাউন্টির সবাই এই তহবিলের মাধ্যমে অর্থ পেয়েছে।

চিঠির সম্পূর্ণ পাঠ্য নিচে দেওয়া হলো:

সম্মানীয় সেক্রেটারি Noem (নোয়েম):

গভর্নর হিসেবে আমার শীর্ষ অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা। বহু দশক ধরে, নিউ ইয়র্ক ফেডারেল সরকারের সাথে, বিশেষ করে আপনার এজেন্সির সাথে পার্টনারশিপ করে নিউ ইয়র্ক সিটিতে এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে হোমল্যান্ড সিকিউরিটি এবং কাউন্টার টেরোরিজম চেষ্টার রিসোর্স পেয়েছে।

সোমবার, এটি আরেকবার স্পষ্ট হয়েছে যে নিউ ইয়র্ক সিটি টার্গেটেড ভায়োলেন্সের ঘটনার জন্য উচ্চ পর্যায়ের টার্গেট হয়ে আছে। মিডটাউন ম্যানহাটনে চারজন নিউ ইয়র্কবাসী প্রাণ হারিয়েছেন, যার মধ্যে একজন NYPD অফিসার আছেন। দায়ী আক্রমণকারী অনেক দূর, নেভাডা (Nevada) থেকে এসে আমাদের দেশের সবথেকে বড় মেট্রোপলিসে এই জঘন্য কাজটি করেছেন।

আপনার ডিপার্টমেন্ট অনেক দিন ধরেই এটি স্বীকার করে আসছে যে ঘনবসতিপূর্ণ আর্বান এলাকা টেরোরিজম এবং টার্গেটেড ভায়োলেন্সের ঘটনার জন্য একটি নির্দিষ্ট এবং অনন্য টার্গেট হয়, এবং নিরাপদে তাদের রক্ষা করার জন্য অনন্য চাহিদা ও সমস্যা আছে। কিন্তু, আপনার অধীনে ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি Urban Area Security উদ্যোগের তহবিল দিতে ব্যর্থ হয়েছে।

আমরা পাবলিক রিপোর্টিং থেকে জানি যে ভারপ্রাপ্ত ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) অ্যাডমিনিস্ট্রেটর David Richardson (ডেভিড রিচার্ডসন) হোয়াইট হাউজে (White House) একটি মেমো পাঠিয়েছেন যেখানে আপনি UASI বাতিল করার সুপারিশকে অনুমোদন দিয়েছেন। মেমোতে ভারপ্রাপ্ত অ্যাডমিনিস্ট্রেটর স্বীকার করেছেন যে তহবিল বাতিল করার ফলে "একটি কম নিরাপদ দেশ হবে, বিশেষ করে দেশের সবথেকে বেশি টার্গেট হওয়া কিছু সিটিতে, যেমন মায়ামি (Miami), ওয়াশিংটন DC (Washington DC), এবং ডালাস (Dallas)…"। টেরোরিজমের হুমকির দিক দিয়ে নিউ ইয়র্ক সিটি হলো দেশের সবথেকে বেশি টার্গেট হওয়া সিটি।

এই তহবিল, যা 2024 সালে মোট 553 মিলিয়ন মার্কিন ডলারের ছিলো যার মধ্যে নিউ ইয়র্ক 156.1 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে, বাতিল করা হলে তা নিউ ইয়র্কবাসীকে কম নিরাপদ করবে, টেরোরিস্টের হুমকির মোকাবেলা করতে NYPD-এর চেষ্টাকে বাঁধা দিবে, এবং স্থানীয়, স্টেট এবং ফেডারেল আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির মধ্যে ইন্টেলিজেন্স তথ্য ভাগ করা কম করবে। NYPD-এর মধ্যে ইন্টেলিজেন্স অ্যানালাইসিস ক্ষমতা গঠন করার জন্য এই তহবিল অতি গুরুত্বপূর্ণ হয়ে আছে, এটি নতুন হুমকি সনাক্ত করা হলে কাজের ক্ষমতা বাড়িয়ে দিবে, এবং বড় জাতীয় বিশেষ নিরাপত্তা ইভেন্টগুলির সময় ফেডারেল আইন শৃঙ্খলা রক্ষাকারী পার্টনারদেরকে ইন্টেলিজেন্স সংগ্রহ করা ও অ্যানালাইসিস করার ক্ষমতা দেওয়া NYPD-এর জন্য সম্ভব করে, এইসব লক্ষ্যে আমাদের ফেডারেল পার্টনাররা আমাদের সাথে আছে বলে অল্প কিছু দিন আগেও আমরা আত্মবিশ্বাসী ছিলাম।

সোমবার, সর্বশেষ টার্গেটেড আক্রমণের একই দিনে, আপনার এজেন্সি একাধিক হোমল্যান্ড সিকিউরিটির প্রস্তুতির অনুদান দিয়েছে যা আমরা মে মাসে পাবো বলে আশা করেছিলাম। কিন্তু, আপনি UASI দিতেও ব্যর্থ হয়েছেন, এই অনুদানটি বিশেষভাবে দেশের সবথেকে বড় আর্বান টেরোরিস্ট টার্গেটগুলিকে রক্ষা করার জন্য তৈরি করা হয়েছে।

UASI দিতে আরো দেরি করা হলে তা আমাদের আর্বান কেন্দ্রগুলিকে রক্ষা করতে আমাদের দেশের ক্ষমতাকে কমিয়ে দিবে যার মধ্যে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার আমাদের ক্ষমতা আছে। সকল আমেরিকানদের রক্ষা করার ক্ষেত্রে আপনার দায়িত্ব পালন করা এবং অবিলম্বে UASI তহবিল দেওয়ার জন্য আমি আপনাকে তাগিদ দিচ্ছি।

বিনীত,
গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন